

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
মতামত অনুবিভাগ।  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

আইন ও বিচার বিভাগের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি ডিসেম্বর,

২০১৯ খ্রিঃ এর মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	২৯/১২/২০১৯ খ্রিঃ।
সময়	:	১১.০০ ঘটিকা।
স্থান	:	সম্মেলন কক্ষ, আইন ও বিচার বিভাগ
সভাপতি	:	বেগম উম্মে কুলসুম যুগ্ম সচিব (মতামত) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি এ বিভাগের ২০১৯-২০২০ সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের বিপরীতে গৃহীত কার্যক্রম পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে এ বিভাগের গৃহীত কার্যক্রমসমূহ সন্তোষজনক মর্মে দেখা যায়।

কিন্তু আবশ্যিক কর্মকৌশলের মধ্যে নিম্নলিখিত বিষয় সমূহ আরো কার্যকরী পদক্ষেপ দ্রুততার সাথে গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	মন্তব্য
১.	[১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	[১.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার।	
		[১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত	
		[১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত	
২.	[১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিজিটাল সেবা চালু করা	[১.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	
৩.	[১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন	[১.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত	
৪.	[১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা	[১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত	
		[১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি	
৫.	[১.৫] সেবা সহজিকরণ	[১.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস	

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	মন্তব্য
		ম্যাপসহ সরকারি আদেশ জারীকৃত	
		[১.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্র বাস্তবায়িত	
৬.	[২.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	[২.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত	
৭.	[২.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন	[২.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত	
		[২.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত	

যুগ্ম সচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন যে, এ বিভাগে কোন অডিট আপত্তি দ্বিপক্ষীয় সভায় উপস্থাপনের অপেক্ষায় নেই। তাছাড়া, বিনষ্টযোগ্য নথির তালিকা তৈরীর কাজটি প্রায় সমাপ্তির পর্যায়ে রয়েছে। নির্ধারিত সময়সীমার মধ্যে তালিকা প্রস্তুত সম্ভব হবে। অতঃপর নথি বিনষ্টকরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

সভাপতি, আবশ্যিক কর্মকৌশলের উপর উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় করণীয় নির্ধারণের জন্য যুগ্ম সচিব (প্র-১) ও যুগ্ম সচিব (প্র-২) এর দৃষ্টি আকর্ষণ করেন এবং পরবর্তী সভায় তার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবগত করার অনুরোধ জানান।


বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও প্রণীত তালিকা অনুযায়ী নথি বিনষ্টকরণ করা হবে।

সিদ্ধান্ত-২: সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনাসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত-৩: ই-ফাইলে নথি নিষ্পত্তির হার বাড়াতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



উস্মে কুলসুম  
যুগ্ম সচিব (মতামত)

ও

ফোকাল পয়েন্ট

এপিএ কমিটি, আইন ও বিচার বিভাগ।